জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৮-২০১৯/৪৫২১ তারিখ: ০৫/১১/২০১৯

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন ১১ নভেম্বর ২০১৯ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২১ নভেম্বর ২০১৯ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ আবেদন ফরমে উল্লিখিত কলেজে ২৩ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ০৮ ডিসেম্বর ২০১৯ তারিখ থেকে শুরু হবে।

এ ভর্তি সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি ও বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Important Notice/Prospectus (Masters) অপশন থেকে জানা যাবে।

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঘ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদনের সময়সূচি

ক্রমিক	করণীয়	তারিখ
ক)	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ:	১১/১১/২০১৯ থেকে ২১/১১/২০১৯
খ)	আবেদনকারীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে উল্লিখিত কলেজে জমা দেয়ার তারিখ:	১২/১১/২০১৯ থেকে ২৩/১১/২০১৯
গ)	কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ:	১২/১১/২০১৯ থেকে ২৩/১১/২০১৯
ঘ)	কলেজ কর্তৃক আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [**জনপ্রতি ২০০/- (দুইশত) টাকা হারে**] "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Masters Reg.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৪/১১/২০১৯ থেকে ২৭/১১/২০১৯

৩। ভর্তি পদ্ধতি, নম্বর বন্টন ও ফলাফল

ক) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে প্রাথমিক আবেদনকারীদের স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় প্রাপ্ত নম্বর/সিজিপিএ এর শতকরা হার অনুযায়ী মেধাক্রম নির্ধারণ করে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা তৈরী করা হবে। **যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম একই হয় তাহলে তাদের মধ্যে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।**

খ) আবেদনকারীরা যে কলেজ থেকে স্নাতক (সম্মান)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা যদি ঐ কলেজে স্ব স্ব বিষয়ে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথমিক আবেদন করে থাকে সে ক্ষেত্রে এ সকল আবেদনকারীকে অগ্রাধিকারের ভিত্তিতে মেধা তালিকায় স্থান দেয়া হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকলে অন্যান্য আবেদনকারীকে মেধার ভিত্তিতে আসন বরাদ্দ দেয়া হবে। **এ শর্ত শুধুমাত্র ১ম মেধা তালিকার জন্য প্রযোজ্য হবে।**

গ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা ও রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে সম্পন্ন করা হবে।

ঘ) প্রতিটি কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। আবেদনকারীরা ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Login করে এবং SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

৪। প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

ক) আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Masters Tab এ গিয়ে Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয় দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি যোগ্য বিষয়ের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সংগে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য (Ward) কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা নির্ধারণ করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন আবেদনকারী একাধিক কোটায় যোগ্য হলে তাকে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

ঙ) অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

চ) **পূরণকৃত আবেদন ফরমে ত্রুটি সংশোধন:** আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে আবেদনকারী তার প্রাথমিক আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে Masters Applicant's Login অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change অপশনে গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। **কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন করা যাবে না।**

ছ) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে আবেদনকারীর স্নাতক (সম্মান)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/**প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)** পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি ও **প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের তারিখসহ স্বাক্ষর ও সীল দিয়ে প্রার্থীকে ফেরত দেয়া হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল আবেদনকারীর মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে।

৫। দ্বৈত ভর্তি বাতিল সম্পর্কিত জ্ঞাতব্য

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ অথবা তৎপূর্বে মাস্টার্স নিয়মিত ও প্রাইভেট প্রোগ্রামে/মাস্টার্স প্রফেশনাল কোর্সে বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে (রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত হয়ে থাকলে) তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে এ শিক্ষাবর্ষে ভর্তি হতে হবে।

৬। রিলিজ স্লিপে ভর্তির আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

যে সকল আবেদনকারী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হবে না, সে সকল আবেদনকারী **শূন্য আসন সাপেক্ষে তিনটি কলেজে** আলাদাভাবে বিষয় নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে। **কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হবে না তারা রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।**

৭। কলেজ কর্তৃপক্ষের করণীয়

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত User ID ও Password দিয়ে সংশ্লিষ্ট কলেজ তাদের ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য College (Postgraduate) Login অপশনে ক্লিক করে Login করবে। প্রাথমিক আবেদন ফরম ও চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় Click to Generate OTP অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে/কলেজের e-mail এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন করা যাবে।

খ) **কলেজকে প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর সঠিক ছবি ও তথ্য মিলিয়ে আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে অন্যথায় ত্রুটিপূর্ণ ছবি ও ভুল তথ্যের কারণে প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

গ) **২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফিসের হার নিম্নরূপ:**

প্রাথমিক আবেদন ফি

i) **প্রাথমিক আবেদন ফি**	**= ৩০০/- (তিনশত) টাকা** **[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ২০০/- (দুইশত) টাকা ও কলেজের অংশ ১০০/-(একশত) টাকা]**

রেজিস্ট্রেশন ফি

i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি	= ৮০০/- (আটশত) টাকা
ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি	= ২০/- (বিশ) টাকা
iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি	= ৫/- (পাঁচ) টাকা
iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি	= ১০/- (দশ) টাকা
	মোট = ৮৩৫ (আটশত পঁয়ত্রিশ) টাকা
v) শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি vi) শিক্ষার্থী প্রতি ভর্তি পুন:বহাল ফি	**= ৭০০/- (সাতশত) টাকা** **= ৭০০/- (সাতশত) টাকা**

ঘ) সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীর কাছ থেকে **প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** জমা রেখে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করবে। **কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে ঐ আবেদনকারীকে মেধা তালিকায় স্থান দেয়া হবে না।**

ঙ) সংশ্লিষ্ট কলেজ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[প্রতি আবেদনকারী থেকে ২০০/- (দুইশত) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ **Login** এর মাধ্যমে **Application Payment Info (Masters Reg.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করবে। **Pay Slip** এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর-**0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' শাখায় সোনালী সেবার মাধ্যমে ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

চ) কলেজ ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্টেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[প্রতি শিক্ষার্থী থেকে ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Masters Reg.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করবে। **Pay Slip**-এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় সোনালী সেবার মাধ্যমে ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

৮। **এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৭৪
ই-মেইল- *pgdeanoffice@gmail.com*

স্মারক নং- ১৬(৭৫১)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৮-২০১৯/৪৫২১ তারিখঃ ০৫/১১/২০১৯

বিতরণঃ
১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় *(কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)*
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

স্বাক্ষরিত/-
উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

© কপি-রাইটঃ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।